

মধ্যস্থতা/মিডিয়েশনের সংজ্ঞা:

Mediation অর্থ মধ্যস্থতা। দেওয়ানী মোকাদ্দমার প্রসেসিং জজ কোর্টে উপস্থাপনের পর কোর্ট উভয় পার্টির প্লিডিংস পর্যবেক্ষণ করার পর হিয়ারিংয়ের পূর্বে উভয় পার্টিকে মোকাদ্দমাটি কোর্ট ছাড়া Alternative Dispute Resolution তথা বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রসেসের ব্যাপারে জানান।

মধ্যস্থতার উদ্দেশ্য:

মধ্যস্থতার উদ্দেশ্য হলো, অনেক সময় পরিলক্ষিত হয় যে, সমাধানের চেয়ে মোকাদ্দমার দায়ের করার প্রবনতা বেশি। একটি মোকাদ্দমা বলতে বুঝায়, বিবাদীর নিকট বাদীর প্রতিকার বা স্বার্থ বিদ্যমান। স্বার্থ অথবা প্রতিকার পেলে বাদীর মোকাদ্দমা দায়ের করার দরকার পড়ে না। জজ কোর্টে মোকাদ্দমা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তাছাড়া বর্তমান জটিল ফলে নতুন কোন মোকাদ্দমা বন্ধ করা না গেলেও বিবাদমান বিষয় জটিল থেকে জটিলতর হচ্ছে। মধ্যস্থতা হলো বিকল্প বিরোধ নিষ্পত্তির অন্যতম পন্থা। এতে কোন পার্টি একচেটিয়া ভাবে জয় লাভ করে না, বরং উভয় পক্ষই জয় লাভ করে যাকে আমরা বলে থাকি Win-Win Game, উভয় পক্ষই পরস্পর পরস্পরকে ছাড় দিয়ে বিরোধ নিষ্পত্তি করে এবং সবশেষে উভয় পক্ষকে মিলিয়ে দেওয়া হয় যাতে আর এই বিষয়ে কোন সমস্যা সৃষ্টি না করে। এই জন্যই Mediation বা মধ্যস্থতাকে আদালত বাধ্যতামূলক করেছে, যা সত্যিকার অর্থেই সকলের জন্যই উপকারী।